গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২২

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

দেশের শিল্পায়ন, কর্মসংস্থান ও রপ্তানি বৃদ্ধিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। নিজস্ব অর্থায়নে তিনটি পাটকল ও দুইটি বস্ত্রকল চালু করা হয়েছে। ২০১৩-১৪ অর্থ বছরে বস্ত্র ও পাট খাতে রপ্তানির পরিমাণ ছিল মোট রপ্তানি আয়ের ৮৭.০৪%। বস্ত্রখাতে বিভিন্ন ক্যাটাগরির (বিএসসি, ডিপ্লোমা, টেক্সটাইল-ভকেশনাল) ৯,৪৮০ জন দক্ষ জনবল তৈরী করা হয়েছে। দক্ষতা বৃদ্ধি ও পেশাগত উন্নয়নের জন্য ৫০,০০০ জন পাট চাষী, ১,৩০০ জন পাটকল কর্মকর্তা, ২,৫৫০ জন পাটকল শ্রমিক/কর্মচারী, ৭৫৩ জন তাঁতী এবং ২,৬০০ জন রেশম চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বস্ত্র ও পাট খাতের লাইসেন্স ও পরিদর্শন ফি বাবদ ৩৫.০০ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে। তাঁত শিল্প উন্নয়নে তাঁতীদের অনুকূলে ৮.১২ কোটি টাকা ঋণ বিতরণ এবং ৭.৮৯ কোটি টাকা ঋণ আদায় করা হয়েছে। বহুমুখী পাট পণ্য হিসাবে জুট জিওটেক্সটাইল উদ্ভাবন করা হয়েছে এবং এর ব্যবহার সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে। রেশম চাষ উন্নয়নে গবেষণার মাধ্যমে নতুন তিনটি রেশমকীটের জাত ও দুইটি তুঁতজাত উদ্ভাবন করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রধান সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ হচ্ছে: পাট শিল্পের আধুনিকায়ন এবং বিজেএমসিকে নিজের পায়ে দাঁড় করানো, পাট পণ্যের বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ, বস্ত্র সেক্টরে তদারকি কাঠামো প্রতিষ্ঠা এবং বস্ত্র শিল্প প্রতিষ্ঠান আইন, ২০১৫ প্রণয়ন ও বাস্তবায়ন এবং বস্ত্র ও পাট খাতে দক্ষ কর্মী ও ব্যবস্থাপক তৈরি।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

আগামী পাঁচ বছরের মধ্যে বস্ত্র ও পাট খাতে দক্ষ কর্মী ও ব্যবস্থাপক সৃষ্টির জন্য উপযুক্ত প্রশিক্ষণ ও শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, বস্ত্র, পাট, তাঁত ও রেশম খাতে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান ও স্টেক হোল্ডারদের সাথে কার্যকর যোগাযোগ ও সমন্বয় সাধন, পাট পণ্যের বহুমুখীকরণে জেডিপিসিকে একটি শক্তিশালী প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সকল সেবা অনলাইনে প্রদানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- কারিগরি শিক্ষার মাধ্যমে বস্ত্র ও পাট খাতে বিভিন্ন লেভেলের (বিএসসি, ডিপ্লোমা ও টেক্সটাইল-ভকেশনাল) ৩,০৪০ জন দক্ষ জনবল তৈরি করা;
- দক্ষতা উন্নয়নের জন্য বস্ত্র, পাট,তাঁত ও রেশম খাতে ২১,৯৯৪ জন জনবলকে প্রশিক্ষণ দেওযা;
- প্রায় ১.৫১ লক্ষ মেট্রিক টন পাটজাত পণ্য স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে বিক্রয় করা;
- ৭০টি তুঁতজাত সংরক্ষণ ও দুইটি তুঁতজাত উন্নয়ন এবং ৯৭টি রেশমকীটের জাত সংরক্ষণ ও দুইটি রেশমকীটের জাত উন্নয়ন করা ;
- ১৫,৭০০টি পাট ও পাট পণ্যের লাইসেন্স প্রদান, ২,২০০টি পাটজাত পণ্যের নমুনা পরীক্ষা এবং ৫০০টি বস্ত্র শিল্প কারখানা পরিদর্শন, ১,৩০০ বার বিভিন্ন পাটকল পরিদর্শন করা ;
- ৩.৩০ কোটি গজ তাঁত বস্ত্র উৎপাদনে বয়নপূর্ব ও বয়নোত্তর সেবা প্রদান, তাঁতীদেরকে ২.৪০ কোটি টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হবে ও ২.৩০ কোটি টাকা ঋণ আদায় করা; এবং
- পাট আইন-২০১৫, বস্ত্র শিল্প প্রতিষ্ঠান আইন, ২০১৫, পাট নীতি-২০১৫ ও বস্ত্র নীতি-২০১৪ প্রণয়ন করা।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

প্রতিযোগিতাসক্ষম শক্তিশালী বস্ত্র ও পাট খাত।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

বস্ত্র ও পাট খাতের সম্ভাবনাকে পূর্ণ কাজে লাগিয়ে উৎপাদনশীলতা, কর্মসংস্থান ও রপ্তানি বৃদ্ধি।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ
২. মানবসম্পদ উন্নয়ন
৩. বস্ত্র ও পাট ব্যবসায় সহযোগিতা প্রদান
৪. প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক গবেষণা জোরদারকরণ
৫. বস্ত্র ও পাট খাতে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ
৬. বস্ত্র ও পাট খাতের আইন কাঠামো শক্তিশালীকরণ

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. বস্ত্র ও পাট খাত সংক্রান্ত নীতি, পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন;
২. রাষ্ট্রীয় মালিকানাধীন বস্ত্র ও পাট শিল্প ব্যবস্থাপনা;
৩. বস্ত্র ও পাট পণ্যের স্থানীয় ও বৈদেশিক বাজারজাতকরণ সংশ্লিষ্ট সামগ্রিক সমন্বয়;
৪. বস্ত্র ও পাট শিল্প উন্নয়ন ও সম্প্রসারণে বেসরকারি খাতকে সহায়তা প্রদান;
৫. উন্নত ও মানসম্পন্ন বস্ত্র ও পাট পণ্যের উৎপাদন নিশ্চিত করার নিমিত্ত এ খাতে উপযুক্ত নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং সনদ/লাইসেন্স প্রদান এবং বস্ত্র, তাঁত , রেশম ও পাট খাতে দক্ষ জনবল সৃষ্টি;
৬. দেশের ও আন্তর্জাতিক বাজারের চাহিদা মাফিক বহুমুখী পাট পণ্য উদ্ভাবন, উৎপাদন ও উন্নয়নে যথাযথ কারিগরী ও বাজার গবেষণা;
৭. বস্ত্র ও পাট শিল্পে বিদেশী বিনিয়োগ আকর্ষণ এবং বস্ত্র শিল্পে বিদেশীদের নিয়োগ সংক্রান্ত বিষয় এবং
৮. বস্ত্র ও পাট খাত নিয়ে গবেষণা ।

## সেকশন ২

### মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| জাতীয় রপ্তানিতে অবদান | মোট রপ্তানিতে বস্ত্র ও পাট খাতের হিস্যা | % | ৮৭.০৪ | ৮৭.০৬ | ৮৭.৫০ | ৮৭.৬০ | ৮৮.০০ | বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো,জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক। | রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক , জাতীয় রাজস্ব বোর্ড। |
| বস্ত্র খাতে চাহিদা অনুযায়ী দক্ষ জনবলের অভাব পূরণে অবদান | বস্ত্র খাতে বিভিন্ন ক্যাটাগরির ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থী | সংখ্যা | ৩৩১৯ | ৩২০১ | ৩০৪০ | ৩১৩০ | ৩২০০ | বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় /ঢাকা বিশ্ববিদ্যালয় /বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড , ঢাকা | বস্ত্র পরিদপ্তর ও বাংলাদেশ তাঁত বোর্ড |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণ | ২৫ | [১.১] পাট জাত পণ্য বিক্রয় | [১.১.১] বৈদেশিক বাজারে বিক্রিত পণ্য | মে. টন (লক্ষ) | ৩.০০ | ০.৮৫ | ১.১৩ | ১.২৫ | ১.২০ | ১.১৮ | ১.১৫ | ১.১৩ | ১.২৬ | ১.৩০ |
| | | | [১.১.২] স্থানীয় বাজারে বিক্রিত পণ্য | মে. টন | ২.০০ | ৩৬০০০ | ২৩০০০ | ২৬০০০ | ২৫০০০ | ২৪০০০ | ২৩৫০০ | ২৩০০০ | ২৪০০০ | ২৫০০০ |
| | | [১.২] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন | [১.২.১] আয়োজিত উদ্বুদ্ধকরণ কর্মশালা | সংখ্যা | ৩.০০ | ২০ | ৫২ | ৫৬ | ৫৫ | ৫৪ | ৫৩ | ৫২ | ৫৭ | ৬০ |
| | | | [১.২.২] পরিচালিত মোবাইল কোর্ট | সংখ্যা | ২.০০ | ০ | ২৪০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ২৫০ | ২৪০ | ৩০০ | ৩৫০ |
| | | [১.৩] বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে মেলা আয়োজন | [১.৩.১] আয়োজিত মেলা | সংখ্যা | ২.০০ | ৪ | ৪ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |
| | | [১.৪] রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ (ডিএফএল) | [১.৪.১] উৎপাদিত ও বিতরণকৃত রোগ মুক্ত রেশম ডিম | লক্ষ | ৩.০০ | ৩.০৩ | ৩.২০ | ৩.৪০ | ৩.৩৫ | ৩.৩০ | ৩.২৫ | ৩.২০ | ৩.৫০ | ৩.৬০ |
| | | [১.৫] তুঁত চারা উৎপাদন ও বিতরণ | [১.৫.১] উৎপাদিত ও বিতরণকৃত তুঁত চারা | লক্ষ | ২.০০ | ৩.৭৫ | ৩.০০ | ৪.২০ | ৪.০০ | ৩.৭৫ | ৩.৫০ | ৩.০০ | ৪.১০ | ৪.২০ |
| | | [১.৬] বিটিএমসি মিল সমূহ সার্ভিস চার্জ পদ্ধতিতে পরিচালন | [১.৬.১] সার্ভিস চার্জ বাবদ প্রাপ্ত আয় | কোটি টাকা | ৩.০০ | ৮.৪৮ | ৮.৯৭ | ১১.০৯ | ৯.৭৫ | ৯.৫০ | ৯.২০ | ৮.৯৭ | ১১.২০ | ১১.৩১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [১.৭] তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [১.৭.১] উৎপাদিত তাঁত বস্ত্রের পরিমাণ | কোটি গজ | ২.০০ | ৩.৮৩ | ৩.৩০ | ৩.৪০ | ৩.৩৭ | ৩.৩৫ | ৩.৩২ | ৩.৩০ | ৩.৫০ | ৩.৬০ |
| | | [১.৮] ক্ষুদ্র ঋণ বিতরণ | [১.৮.১] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী | সংখ্যা | ৩.০০ | ১০২৩ | ১৩৩৬ | ১৩৬০ | ১৩৫০ | ১৩৪৫ | ১৩৪০ | ১৩৩৬ | ১৩৭৫ | ১৪০০ |
| [২] মানবসম্পদ উন্নয়ন | ২৩ | [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) | [২.১.১] এসএসসি ভোকেশনাল টেক্সটাইল উত্তীর্ণ শিক্ষার্থী | সংখ্যা | ৩.০০ | ২৩৫৯ | ২৬১৫ | ২৫০০ | ২৪০০ | ২৩৫০ | ২৩৩০ | ২৩০০ | ২৫০০ | ২৫৫০ |
| | | | [২.১.২] বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংউত্তীর্ণ শিক্ষার্থী | সংখ্যা | ২.০০ | ২৩১ | ১৮৮ | ২০০ | ১৯২ | ১৯১ | ১৯০ | ১৮৮ | ২৪০ | ২৫০ |
| | | | [২.১.৩] ডিপ্লোমা ইন টেক্সটাইল টেকনোলজীউত্তীর্ণ শিক্ষার্থী | সংখ্যা | ২.০০ | ৭১৯ | ৩৬১ | ৩০০ | ২৬০ | ২৩০ | ২০০ | ১৮০ | ৩১০ | ৩১০ |
| | | | [২.১.৪] ডিপ্লোমা – ইন –টেক্সটাইল ডিগ্রী উত্তীর্ণ শিক্ষার্থী (বাতাবো) | সংখ্যা | ২.০০ | ০ | ৩৭ | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৮০ | ৮০ |
| | | [২.২] পাটকলসমুহের কর্মকর্তা, কর্মচারী/ শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা | সংখ্যা | ৩.০০ | ৬৪১ | ১৩৯ | ৩৮০ | ৩৫০ | ৩০০ | ২০০ | ১৩৯ | ৪২৫ | ৪৫০ |
| | | | [২.২.২] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মচারী/ শ্রমিক | সংখ্যা | ৩.০০ | ৮২৮ | ৮৩০ | ৮৩৪ | ৮৩৩ | ৮৩২ | ৮৩১ | ৮৩০ | ৮৫০ | ৮৬০ |
| | | [২.৩] পাট চাষীদের উন্নত পাট চাষ বিষয়ক প্রশিক্ষণ | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষী | সংখ্যা | ২.০০ | ১৯৯০০ | ১৯৪৪০ | ২০০০০ | ১৯৫০০ | ১৯০০০ | ১৮৫০০ | ১৮০০০ | ২১০০০ | ২২০০০ |
| | | [২.৪] নির্বাচিত তাঁতীদের প্রশিক্ষণ | [২.৪.১] প্রশিক্ষণ প্রাপ্ত তাঁতী | সংখ্যা | ২.০০ | ২৯৮ | ২৯০ | ৩২০ | ৩০০ | ২৯৭ | ২৯৫ | ২৯০ | ৩৪০ | ৪০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [২.৫] উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তা | সংখ্যা | ২.০০ | ১৮০ | ১৮২ | ২৪০ | ২২০ | ২০০ | ১৮৫ | ১৮২ | ২৫০ | ২৬০ |
| | | [২.৬] রেশম চাষ প্রযুক্তি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | [২.৬.১] প্রশিক্ষণ প্রাপ্ত রেশম চাষী | সংখ্যা | ২.০০ | ১৯৫ | ২১৬ | ২২০ | ২১৯ | ২১৮ | ২১৭ | ২১৬ | ২২৫ | ২৩০ |
| [৩] বস্ত্র ও পাট ব্যবসায় সহযোগিতা প্রদান | ২১ | [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান | [৩.১.১] প্রদত্ত লাইসেন্স | সংখ্যা | ৩.০০ | ১৮৮৮০ | ১৫১২৫ | ১৫৭০০ | ১৫৫০০ | ১৫৩০০ | ১৫২০০ | ১৫১২৫ | ১৬০০০ | ১৬৫০০ |
| | | [৩.২] পাটকল পরিদর্শন | [৩.২.১] পরিদর্শনকৃত পাটকল | সংখ্যা (বার) | ৩.০০ | ৮০০ | ১২৭৫ | ১৩০০ | ১২৯০ | ১২৮৫ | ১২৮০ | ১২৭৫ | ১৩০০ | ১৩৫০ |
| | | [৩.৩] পাটজাত পণ্যের নমুনা পরিক্ষা | [৩.৩.১] পরিক্ষিত নমুনা | সংখ্যা | ৪.০০ | ২৭২০ | ২১৫০ | ২২০০ | ২১৮০ | ২১৭০ | ২১৬০ | ২১৫০ | ২২৫০ | ২৩০০ |
| | | [৩.৪] তাঁত বস্ত্রের রপ্তানি সনদ প্রদান | [৩.৪.১] সনদ প্রদানকৃত | % | ৩.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৯ | ৯৮ | ৯৭ | ৯৬ | ১০০ | ১০০ |
| | | [৩.৫] পোষক কর্তৃপক্ষের নিকট প্রাপ্ত আবেদন নিষ্পত্তি | [৩.৫.১] নিষ্পত্তিকৃত আবেদন | % | ৪.০০ | ৯০ | ৯৫ | ৯৫ | ৯৩ | ৯২ | ৯১ | ৯০ | ৯৫ | ৯৬ |
| | | [৩.৬] বস্ত্র শিল্পকারখানা পরিদর্শন | [৩.৬.১] পরিদর্শনকৃত বস্ত্র শিল্প কারখানা | সংখ্যা | ৪.০০ | ৫৩২ | ৫০৪ | ৫০৮ | ৫০৭ | ৫০৬ | ৫০৫ | ৫০৪ | ৫১০ | ৫২০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক গবেষণা জোরদারকরণ | ৬ | [৪.১] তুঁতজাত সংরক্ষণ | [৪.১.১] তুঁতজাত সংরক্ষিত | সংখ্যা | ১.০০ | ৬৮ | ৭০ | ৭০ | ৬৩ | ৫৬ | ৪৯ | ৪২ | ৭৪ | ৭৪ |
| | | [৪.২] রেশমকীটের জাত সংরক্ষণ | [৪.২.১] রেশমকীট জাত সংরক্ষিত | সংখ্যা | ১.০০ | ৯৪ | ৯৭ | ৯৭ | ৮৭ | ৭৮ | ৬৮ | ৫৮ | ১০১ | ১০৩ |
| | | [৪.৩] তুঁতজাত উন্নয়ন | [৪.৩.১] উন্নয়ন কৃত তুঁতজাত | সংখ্যা | ১.০০ | ২ | ২ | ৩ | ২ | ২ | ১ | ১ | ২ | ২ |
| | | [৪.৪] রেশমকীটের জাত উন্নয়ন | [৪.৪.১] উন্নয়নকৃত রেশমকীটজাত | সংখ্যা | ১.০০ | ২ | ২ | ৩ | ২ | ২ | ১ | ১ | ২ | ২ |
| | | [৪.৫] বহুমুখী পাট পণ্যের ডিজাইন উন্নয়ন | [৪.৫.১] প্রকাশিত গবেষণা প্রতিবেদন | তারিখ | ২.০০ | | | ০১-০৪-২০১৬ | ০১-০৫-২০১৬ | ১০-০৮-২০১৫ | ১৫-০৮-২০১৫ | ৩০-০৬-২০১৬ | | |
| [৫] বস্ত্র ও পাট খাতে বিনিয়োগের সুযোগ সম্প্রসারণ | ৪ | [৫.১] পাট শিল্পে বিনিয়োগ আকর্ষণের জন্য সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন (বিজেএমসি) | [৫.১.১] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | সংখ্যা | ১.০০ | ০ | ৩ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ৭ | ৮ |
| | | [৫.২] পাট খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন (পাট অধিদপ্তর) | [৫.২.১] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | সংখ্যা | ১.০০ | ০ | ৩ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ৭ | ৮ |
| | | [৫.৩] বস্ত্র খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন (বিটিএমসি) | [৫.৩.১] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | সংখ্যা | ১.০০ | ০ | ৪ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৭ | ৮ |
| | | [৫.৪] বহুমুখী পাট পণ্য খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন (জেডিপিসি) | [৫.৪.১] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | সংখ্যা | ১.০০ | ০ | ৩ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ৭ | ৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৬] বস্ত্র ও পাট খাতের আইন কাঠামো শক্তিশালীকরণ | ৪ | [৬.১] পাট নীতি-২০১৫ প্রনয়ণ | [৬.১.১] প্রণীত পাট নীতি -২০১৫ | তারিখ | ১.০০ | | | ০৩-০১-২০১৬ | ০১-০২-২০১৬ | ০১-০৩-২০১৬ | ০৩-০৪-২০১৬ | ০১-০৫-২০১৬ | | |
| | | [৬.২] পাট আইন-২০১৫ | [৬.২.১] প্রণীত পাট আইন-২০১৫ | তারিখ | ১.০০ | | | ০১-০২-২০১৬ | ০১-০৩-২০১৬ | ০৩-০৪-২০১৬ | ০১-০৫-২০১৬ | ০১-০৬-২০১৬ | | |
| | | [৬.৩] বস্ত্র নীতি-২০১৪ | [৬.৩.১] প্রণীত বস্ত্র নীতি-২০১৪ | তারিখ | ১.০০ | | | ০১-০৩-২০১৬ | ০৩-০৪-২০১৬ | ০১-০৫-২০১৬ | ০১-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [৬.৪] বস্ত্র শিল্প প্রতিষ্ঠান আইন, ২০১৫ | [৬.৪.১] প্রণীত বস্ত্র শিল্প প্রতিষ্ঠান আইন, ২০১৫ | তারিখ | ১.০০ | | | ০৩-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩০-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ২০.০৭.২০১৫<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ২০/০৭/২০১৫<br>তারিখ |

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিজেএমসি | বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন |
| ২ | বিটিএমসি | বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন |
| ৩ | বিএসডিবি | বাংলাদেশ সেরিকালচার ডেভেলপমেন্ট বোর্ড |
| ৪ | বাতাঁবো | বাংলাদেশ তাঁত বোর্ড |
| ৫ | বিএসআরটিআই | বাংলাদেশ সেরিকালচার রিসার্চ এন্ড ট্রেনিং ইন্সটিটিউট |
| ৬ | জেডিপিসি | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার |
| ৭ | বিএমআরই | ব্যালেন্সিং, মর্ডানাইজেশন, রিনোভেশন এন্ড এক্সপানশন |
| ৮ | এমটিবিএফ | মিডিয়াম টার্ম বাজেটারি ফ্রেমওয়ার্ক |
| ৯ | পোষক কর্তৃপক্ষ | বস্ত্র শিল্প সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য স্পনসরিং কর্তৃপক্ষ |
| ১০ | ডিএফএল | ডিজিজ ফ্রি লেইং |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] পাট জাত পণ্য বিক্রয় | [১.১.১] বৈদেশিক বাজারে বিক্রিত পণ্য | তালিকাভুক্ত রপ্তানীকারক ও সরাসরি বিদেশী ক্রেতার সাথে চুক্তির মাধ্যমে পাট পণ্য রপ্তানীর মাধ্যমে বিক্রয় | বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.২] স্থানীয় বাজারে বিক্রিত পণ্য | তালিকাভুক্ত পাটপণ্য ক্রেতা বিজেএমসির সাথে চুক্তিবদ্ধ হওয়ার মাধ্যমে বিক্রয় | বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন | [১.২.১] আয়োজিত উদ্বুদ্ধকরণ কর্মশালা | পরিবেশ বান্ধব পাট ও পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধকরণের নিমিত্ত কর্মশালার আয়োজন। | পাট অধিদপ্তর | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.২.২] পরিচালিত মোবাইল কোর্ট | "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণ। | পাট অধিদপ্তর এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসন | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] বহুমুখী পাট পণ্যের বাজার সম্প্রসারণে মেলা আয়োজন | [১.৩.১] আয়োজিত মেলা | বহুমুখী পাটপণ্যের বাজার সৃষ্টি এবং রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে পাটপণ্যের মেলা আয়োজন করা হয়। যেখানে উদ্যোক্তাগণ ক্রেতাদের আকৃষ্ট করার জন্য তাদের উৎপাদিত মানসম্পন্ন পণ্য প্রদর্শন করে, ফলে মানুষের সচেতনতা বৃদ্ধি পায় এবং বহুমুখী পাট পণ্য ব্যবহারে উদ্বুদ্ধ হয়। | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ (ডিএফএল) | [১.৪.১] উৎপাদিত ও বিতরণকৃত রোগ মুক্ত রেশম ডিম | সম্প্রসারণ এলাকায় রেশম চাষীদের চাহিদা মোতাবেক রোগ মুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ করা হয়, ফলে চাষীরা সহজে রেশমচাষে উদ্বুদ্ধ হয়। | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] তুঁত চারা উৎপাদন ও বিতরণ | [১.৫.১] উৎপাদিত ও বিতরণকৃত তুঁত চারা | সম্প্রসারণ এলাকায় চাষী পর্যায়ে সরবরাহের নিমিত্তে তুঁতচারা উৎপাদন ও বিতরণ করা হয় ।মান সম্পন্ন তুঁত চারা সরবরাহ করার ফলে রেশম চাষে পরিমাণ ও পরিধি বৃদ্ধি পায় | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] বিটিএমসি মিল সমূহ সার্ভিস চার্জ পদ্ধতিতে পরিচালন | [১.৬.১] সার্ভিস চার্জ বাবদ প্রাপ্ত আয় | সার্ভিসচার্জ পদ্ধতিতে বিটিএমসি'র অধীনস্ত চালু মিল সমূহ বেসরকারি উদ্যোক্তা গণ পরিচালনা করেন । উদ্যোক্তাদের কাছ থেকে বিটিএমসি'র মিলের মেশিনারিজ ও গুদাম ব্যবহার বাবদ সার্ভিস চার্জ আয় | বাংলাদেশ টেক্সটাইল মিলস্ কর্পোরেশন ও এর নিয়ন্ত্রণাধীন চালু মিলসমূহ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [১.৭.১] উৎপাদিত তাঁত বস্ত্রের পরিমাণ | বাংলাদেশ তাঁত বোর্ড তাঁতীদেরকে বিভিন্ন উৎপাদন উপকরণ ও সেবা যথা, টুইসটিং, ডাইং, স্টেন্টারিং, মাসসারাইজিং, ক্যালেন্ডারিং, সিজিং ইত্যাদি প্রদান করে থাকে। এই উপকরণ সহায়তা পাওয়ার পরিপ্রেক্ষিতে তাঁতীরা লক্ষ্যমাত্রা অনুযায়ী তাঁত বস্ত্র উৎপাদনে সক্ষম হয়। | বাংলাদেশ তাঁত বোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৮] ক্ষুদ্র ঋণ বিতরণ | [১.৮.১] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী | বাংলাদেশ তাঁত বোর্ড তাঁতীদেরকে তাঁত বস্ত্র উৎপাদনে সহযোগিতা ও উৎসাহ প্রদানের নিমিত্ত ২০১৪-১৫ অর্থ বছরে নির্বাচিত ১৩৩৬ জন তাঁতীদের মাঝে ঋণ বিতরণ করেছে। প্রাপ্ত ঋণ দ্বারা সূতা ও অন্যান্য উপকরণ কিনে তাঁতীরা তাঁত বস্ত্র উৎপাদন করতে সক্ষম হবেন। | বাংলাদেশ তাঁত বোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) | [২.১.১] এসএসসি ভোকেশনাল টেক্সটাইল উত্তীর্ণ শিক্ষার্থী | বস্ত্র পরিদপ্তরের অধীনে সারা দেশে ৪০(চল্লিশ)টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট আছে। প্রত্যেক বছর প্রতিটি প্রতিষ্ঠানে ৯০ থেকে ১২০ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হয়। ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা জে.এস.সি/জে.ডি.সি/ সমমান। | বস্ত্র পরিদপ্তর/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.২] বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং উত্তীর্ণ শিক্ষার্থী | বস্ত্র পরিদপ্তরের অধীনে পাঁচটি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ আছে যার চারটি টেক্সটাইল ইন্সটিটিউট থেকে উন্নীতকরণ করা হয় এবং একটি নতুনভাবে প্রতিষ্ঠা করা হয়। বর্তমানে পাঁচটি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের প্রত্যেকটিতে ১০০ করে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। কিন্তু শুরুতে বর্তমানের চেয়ে কম ছাত্রছাত্রী ভর্তি করা হতো। ভর্তির ন্যূনতম যোগ্যতা বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের জন্য ডিপ্লোমা এবং বাকী চারটি কলেজের জন্য এইচ.এস.সি (বিজ্ঞান)/সমমান। | বস্ত্র পরিদপ্তর/ সংশ্লিষ্ট অ্যাফিলিয়েটিং বিশ্ববিদ্যালয় | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.৩] ডিপ্লোমা ইন টেক্সটাইল টেকনোলজী উত্তীর্ণ শিক্ষার্থী | বস্ত্র পরিদপ্তরের অধীনে বর্তমানে তিনটি টেক্সটাইল ইন্সটিটিউট আছে। তবে পূর্বে ছয়টি টেক্সটাইল ইনস্টিটউটটে ১ম শিফটের সাথে দ্বিতীয় শিফটও চালু ছিল। ছয়টির মধ্যে চারটি টেক্সটাইল ইন্সটিটিউট-কে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ করা হয়। সেজন্য টেক্সটাইল ইনস্টিটউটের সংখ্যা ও টেক্সটাইল ইনস্টিটউট থেকে পাশকৃত শিক্ষার্থী সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে কমে গেছে। তিনটি প্রকল্পের মাধ্যমে টেক্সটাইল ইন্সটিটিউট, গৌরনদী, বরিশাল; টেক্সটাইল ইন্সটিটিউট, ভোলা এবং টেক্সটাইল ইন্সটিটিউট, জামালপুর-এর স্থাপন কাজ চলছে। ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা এস.এস.সি/সমমান উত্তীর্ণ। | বস্ত্র পরিদপ্তর/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.১.৪] ডিপ্লোমা – ইন –টেক্সটাইল ডিগ্রী উত্তীর্ণ শিক্ষার্থী (বাতাবো) | দেশে বস্ত্র শিল্পের উন্নয়নে বস্ত্র প্রযুক্তিবিদ তৈরীর লক্ষ্যে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রদান করা হয়। বস্ত্র পরিদপ্তরের অধীনে সারা দেশে ৪০(চল্লিশ)টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট আছে। প্রত্যেক বছর প্রতিটি প্রতিষ্ঠানে ৯০ থেকে ১২০ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হয়। ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা জে.এস.সি/জে.ডি.সি/ সমমান। | বাংলাদেশ তাঁত বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড বস্ত্র পরিদপ্তর/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] পাটকলসমূহের কর্মকর্তা, কর্মচারী/ শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা | কর্মকর্তাদের প্রয়োজনীয় পেশাগত জ্ঞান মিলসমূহ পরিচালনার জন্য আবশ্যক। কর্মকর্তাদের পেশাগত প্রয়োজন ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হবে। | বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.২.২] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মচারী/ শ্রমিক | কর্মচারী /শ্রমিক দের প্রয়োজনীয় পেশাগত জ্ঞান মিলসমূহ পরিচালনার জন্য আবশ্যক। শ্রমিকদের পেশাগত প্রয়োজন ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হবে। | বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশন | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] পাট চাষীদের উন্নত পাট চাষ বিষয়ক প্রশিক্ষণ | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষী | "উচ্চ ফলনশীল (উফশী) পাট ও পাটবীজ উৎপাদন এবং উন্নত পাট পচন" শীর্ষক প্রকল্পের আওতায় দেশের ৪৪টি জেলার ২০০টি উপজেলায় নির্বাচিত পাটচাষীদের প্রশিক্ষণের মাধ্যমে উচ্চ ফলনশীল পাটবীজ উৎপাদন। | পাট অধিদপ্তর এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা প্রশাসন | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] নির্বাচিত তাঁতীদের প্রশিক্ষণ | [২.৪.১] প্রশিক্ষণ প্রাপ্ত তাঁতী | আধুনিক, মানসম্পন্ন ও নতুন নতুন ডিজাইনের তাঁত বস্ত্র উৎপাদনের জন্য তাঁতীদের প্রশিক্ষণ একান্ত আবশ্যক। বাজারের চাহিদা অনুযায়ী তাঁত বস্ত্র উৎপাদনের জন্য তাঁতীদের পেশাগত প্রয়োজন ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হবে। | বাংলাদেশ তাঁত বোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.৫] উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তা | বহুমুখী পাটপণ্যের বাজার সমীক্ষার মাধ্যমে পাট পণ্যের বর্তমান অবস্থা এবং স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী সম্ভাবনা মূল্যায়ন (Assess) করা হয়। ফলে উদ্যোক্তারা বহুমুখী পাটপণ্যের বাজার সর্ম্পকে জানতে পারবে | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৬] রেশম চাষ প্রযুক্তি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ | [২.৬.১] প্রশিক্ষণ প্রাপ্ত রেশম চাষী | বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রেশমচাষের সাথে সংশিস্নষ্ট বিভিন্ন এনজিও এবং ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের মাধ্যমে রেশমচাষী, রিলার, উইভার এবং মাঠপর্যায়ের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণার্থী হিসাবে নির্বাচন করে থাকে। প্রশিক্ষণ কোর্সের ধরণ অনুযায়ী প্রশিক্ষক এবং গবেষকদের দ্বারা বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ পরিচালিত হয়। | বাংলাদেশ সেরিকালচার রিসার্চ এন্ড ট্রেনিং ইন্সটিটিউট | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান | [৩.১.১] প্রদত্ত লাইসেন্স | পাট ও পাটজাত পণ্যের ব্যবসায়ে বিভিন্ন শ্রেণীর লাইসেন্স প্রদানের মাধ্যমে ব্যবসায়ীদেরকে সহায়তা প্রদান পাটকল এবং বিভিন্ন আউট লেট নিয়মিত পরিদর্শন এবং পরামর্শ প্রদানের মাধ্যমে মানসম্মত পণ্য উৎপাদনে সহায়তা | পাট অধিদপ্তর পাট অধিদপ্তর | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] পাটকল পরিদর্শন | [৩.২.১] পরিদর্শনকৃত পাটকল | বিভিন্ন পাটকলে উৎপাদিত পাটজাত পণ্যের নমুনা পাটপণ্য পরীক্ষাগারে নিয়মিত পরীক্ষণের মাধ্যমে মানসম্মত পণ্য উৎপাদনে সহায়তা প্রদান | পাট অধিদপ্তর | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] পাটজাত পণ্যের নমুনা পরিক্ষা | [৩.৩.১] পরিক্ষিত নমুনা | তাঁত বস্ত্র রপ্তানীর জন্য বাংলাদেশ তাঁত বোর্ড কান্ট্রি অব অরিজিন সার্টিফিকেট প্রদান করে। | বাংলাদেশ তাঁত বোর্ড | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৪] তাঁত বস্ত্রের রপ্তানি সনদ প্রদান | [৩.৪.১] সনদ প্রদানকৃত | বস্ত্র পরিদপ্তরে গত ২৬/০৫/২০১৩ তারিখ হতে বস্ত্র শিল্পের পোষক কর্তৃপক্ষের কাজ শুরু হয়েছে। বস্ত্র শিল্প খাতের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে বস্ত্র পরিদপ্তর নতুন রেজিষ্ট্রেশন প্রদানসহ এডহক আইআরসি, কারখানার ঠিকানা পরিবর্তন, মালিকানা পরিবর্তন, বিনিয়োগ পরিবর্তন ইত্যাদি বিষয়ে সুপারিশ প্রদান করছে। বিভিন্ন বিষয়ে কারখানা কর্তৃপক্ষের আবেদনকৃত ও বস্ত্র পরিদপ্তরে প্রাপ্ত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হচ্ছে। | বস্ত্র পরিদপ্তর | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৫] পোষক কর্তৃপক্ষের নিকট প্রাপ্ত আবেদন নিষ্পত্তি | [৩.৫.১] নিষ্পত্তিকৃত আবেদন | বস্ত্র পরিদপ্তরে গত ২৬/০৫/২০১৩ তারিখ হতে বস্ত্র শিল্পের পোষক কর্তৃপক্ষের কাজ শুরু হয়েছে। বস্ত্র শিল্প খাতের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে বস্ত্র পরিদপ্তর নতুন রেজিষ্ট্রেশন প্রদানসহ এডহক আইআরসি, কারখানার ঠিকানা পরিবর্তন, মালিকানা পরিবর্তন, বিনিয়োগ পরিবর্তন ইত্যাদি বিষয়ে সুপারিশ প্রদান করছে। বিভিন্ন বিষয়ে কারখানা কর্তৃপক্ষের আবেদনকৃত ও বস্ত্র পরিদপ্তরে প্রাপ্ত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হচ্ছে। | বস্ত্র পরিদপ্তর | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৬] বস্ত্র শিল্পকারখানা পরিদর্শন | [৩.৬.১] পরিদর্শনকৃত বস্ত্র শিল্প কারখানা | বস্ত্র পরিদপ্তরে পোষকের সেবা গ্রহণের উদ্দেশ্যে আগত বস্ত্র শিল্প কারখানা কর্তৃপক্ষের আবেদনের বিষয় বিবেচনা করে কারখানা/শিল্প প্রতিষ্ঠানের বিল্ডিং ফিটনেস , ফায়ার সেফটি, পানি সরবরাহ, পয়: প্রণালী, পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি বিষয়াদী সরেজমিনে পরিদর্শনপূর্বক সেবা প্রত্যাশীদের আবেদিত সেবাটি প্রদান করা হচ্ছে। | বস্ত্র পরিদপ্তর | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৪.১] তুঁতজাত সংরক্ষণ | [৪.১.১] তুঁতজাত সংরক্ষিত | দেশী ও বিদেশী তুঁতজাত সংগ্রহ, মূল্যায়ন এবং উন্নত তুঁতজাত উদ্ভাবনের লক্ষ্যে সংরক্ষণ করা। | বাংলাদেশ সেরিকালচার রিসার্চ এন্ড ট্রেনিং ইন্সটিটিউট | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] রেশমকীটের জাত সংরক্ষণ | [৪.২.১] রেশমকীট জাত সংরক্ষিত | দেশী ও বিদেশী রেশমকীট জাত সংগ্রহ, মূল্যায়ন এবং উন্নত রেশমকীট জাত উদ্ভাবনের লক্ষ্যে সংরক্ষণ করা। | বাংলাদেশ সেরিকালচার রিসার্চ এন্ড ট্রেনিং ইন্সটিটিউট | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৩] তুঁতজাত উন্নয়ন | [৪.৩.১] উন্নয়ন কৃত তুঁতজাত | মালবেরী জার্মপ্লাজম ব্যাংকে সংরক্ষিত তুঁতজাতগুলো উন্নত জাত উদ্ভাবনের লক্ষ্যে ব্যবহার করে নির্বাচন, সঙ্করায়ন, ইল্ডট্রায়াল, পাতার পুষ্টিমান নির্ধারণ, পলুপালন পরীক্ষণ এবং ফিল্ডট্রায়ালের মাধ্যমে উন্নত তুঁতজাত উদ্ভাবন করা। | বাংলাদেশ সেরিকালচার রিসার্চ এন্ড ট্রেনিং ইন্সটিটিউট | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৪] রেশমকীটের জাত উন্নয়ন | [৪.৪.১] উন্নয়নকৃত রেশমকীটজাত | রেশমকীট জার্মপ্লাজম ব্যাংকে সংরক্ষিত রেশমকীট জাতগুলো উন্নত জাত উদ্ভাবনের লক্ষ্যে ব্যবহার করে নির্বাচন, সঙ্করায়ন, জেনেটিক ফিক্সেশন এবং ফিল্ড ট্রায়ালের মাধ্যমে উন্নত রেশমকীটজাত উদ্ভাবন করা। | বাংলাদেশ সেরিকালচার রিসার্চ এন্ড ট্রেনিং ইন্সটিটিউট | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৫] বহুমুখী পাট পণ্যের ডিজাইন উন্নয়ন | [৪.৫.১] প্রকাশিত গবেষণা প্রতিবেদন | বহুমুখী পাট পণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন ডিজাইন উদ্ভাবন গবেষণা জন্য সরকারি ও বেসরকারি উদ্যোগকে সম্পৃক্ত করা হবে এবং গবেষণা প্রতিবেদনে ডিজাইন উদ্ভাবন বিষয়ে বিস্তারিত তথ্য সন্নিবেশিত থাকবে। | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.১] পাট শিল্পে বিনিয়োগ আকর্ষণের জন্য সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন (বিজেএমসি) | [৫.১.১] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | পাট শিল্পে বিনিয়োগে আগ্রহী ও সক্ষম উদ্যোক্তাদেরকে নিয়ে সেমিনার/ওয়ার্কশপ করে তাদেরকে এ শিল্পে বিনিয়োগে উৎসাহিত করে তোলা। | বাংলাদেশ জুট মিলস কর্পোরেশন | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.২] পাট খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন (পাট অধিদপ্তর) | [৫.২.১] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | পাট খাতে বিনিয়োগে আগ্রহী ও সক্ষম উদ্যোক্তাদেরকে নিয়ে সেমিনার/ওয়ার্কশপ করে তাদেরকে এ খাতে বিনিয়োগে উৎসাহিত করে তোলা। | পাট অধিদপ্তর | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.৩] বস্ত্র খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন (বিটিএমসি) | [৫.৩.১] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | বস্ত্র খাতে বিনিয়োগে আগ্রহী ও সক্ষম উদ্যোক্তাদেরকে নিয়ে সেমিনার/ওয়ার্কশপ করে তাদেরকে এ খাতে বিনিয়োগে উৎসাহিত করে তোলা। | বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.৪] বহুমুখী পাট পণ্য খাতে বিনিয়োগ আকর্ষণের জন্য সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন (জেডিপিসি) | [৫.৪.১] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | বহুমূখী পাট পণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদার বিষয়টি তুলে ধরে সেমিনার/ওয়ার্কশপের মাধ্যমে সম্ভাব্য উদ্যোক্তাদের এ খাতে বিনিয়োগে আকৃষ্ট করা। | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সুচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৬.১] পাট নীতি-২০১৫ প্রনয়ণ | [৬.১.১] প্রণীত পাট নীতি -২০১৫ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের একটি অন্যতম কাজ হলো কার্যসম্পাদনের সুবিধার্থে নীতি ও আইন প্রণয়ন করা। এই কাজের অংশ হিসাবে পাট খাতের সার্বিক সহযোগিতার জন্য পাট নীতি-২০১৫ প্রণয়ন করা হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সরকারি গেজেট | |
| [৬.২] পাট আইন-২০১৫ | [৬.২.১] প্রণীত পাট আইন-২০১৫ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের একটি অন্যতম কাজ হলো কার্যসম্পাদনের সুবিধার্থে নীতি ও আইন প্রণয়ন করা। এই কাজের অংশ হিসাবে পাট খাতের যথাযথ নিয়ন্ত্রন ও পরিচালনার জন্য পাট আইন-২০১৫ প্রণয়ন করা হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সরকারি গেজেট | |
| [৬.৩] বস্ত্র নীতি-২০১৪ | [৬.৩.১] প্রণীত বস্ত্র নীতি-২০১৪ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের একটি অন্যতম কাজ হলো কার্যসম্পাদনের সুবিধার্থে নীতি ও আইন প্রণয়ন করা। এই কাজের অংশ হিসাবে বস্ত্র খাতের সার্বিক সহযোগিতার জন্য বস্ত্র নীতি-২০১৪ প্রণয়ন করা হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সরকারি গেজেট | |
| [৬.৪] বস্ত্র শিল্প প্রতিষ্ঠান আইন, ২০১৫ | [৬.৪.১] প্রণীত বস্ত্র শিল্প প্রতিষ্ঠান আইন, ২০১৫ | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের একটি অন্যতম কাজ হলো কার্যসম্পাদনের সুবিধার্থে নীতি ও আইন প্রণয়ন করা। দেশের রপ্তানী আয়ের ৮০%এর বেশি বস্ত্র খাত থেকে আসে। বস্ত্র খাতের সঠিক পরিচালনা ও রপ্তানী আয়ে আরো বেশি অবদান রাখার জন্য বস্ত্র শিল্প প্রতিষ্ঠান আইন, ২০১৫ প্রণয়ন করা হবে। | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সরকারি গেজেট | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয় | বৈদেশিক বাজারে বিক্রিত পণ্য | রপ্তানি প্রক্রিয়ায় সহায়তা | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমুহে কর্মরত কমার্শিয়াল কাউন্সিলরগণের মাধ্যমে বিদেশী বাজার অনুসন্ধান এবং ক্রেতার সাথে যোগাযোগে সহায়তা। | ৪০% | রপ্তানির পরিমাণ কমে যেতে পারে। |
| বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ | পরিচালিত মোবাইল কোর্ট | মোবাইল কোর্ট পরিচালনা | মোবাইল কোর্ট পরিচালনায় ম্যাজিষ্ট্রেট এবং পুলিশের সহায়তা প্রয়োজন হয়। | ৭০% | মোবাইল কোর্ট পরিচালনা সম্ভব হবে না। |
| মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | পরিচালিত মোবাইল কোর্ট | পুলিশের সহায়তা | মোবাইল কোর্ট পরিচালনায় পুলিশের সহায়তা প্রয়োজন | ৩০% | মোবাইল কোর্ট পরিচালনায় অসুবিধা হবে |
| মন্ত্রণালয় | শিক্ষা মন্ত্রণালয় | বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং উত্তীর্ণ শিক্ষার্থী ,এসএসসি ভোকেশনাল টেক্সটাইল উত্তীর্ণ শিক্ষার্থী ,ডিপ্লোমা – ইন –টেক্সটাইল ডিগ্রী উত্তীর্ণ শিক্ষার্থী (বাতাবো) ,ডিপ্লোমা ইন টেক্সটাইল টেকনোলজী উত্তীর্ণ শিক্ষার্থী | ছাত্র/ছাত্রীদের পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ | বস্ত্র পরিদপ্তর নিয়ন্ত্রিত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমুহ,টেক্সটাইল ইনস্টিটিউটসমুহ ও ভোকেশনাল ইনস্টিটিউটসমুহে যথাসময়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ করার জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান। | ৫০% | যথাসময়ে ফলাফল প্রকাশে বিলম্ব হতে পারে। |
| মন্ত্রণালয় | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | পরিদর্শনকৃত বস্ত্র শিল্প কারখানা | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কারখানা ভবনের উপযুক্ততা সনদ (ফিটনেস সার্টিফিকেট) প্রদান করে থাকে। | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কারখানা ভবনের উপযুক্ততা সনদ (ফিটনেস সার্টিফিকেট) প্রদান করার জন্য দায়িত্ব প্রাপ্ত প্রতিষ্ঠান। | ৩০% | কারখানা ভবনের উপযুক্ততা সনদ (ফিটনেস সার্টিফিকেট) না পেলে বস্ত্র পরিদপ্তর শিল্প কারখানা পরিদর্শনপূর্বক কাঙ্খিত সেবা প্রদানে সক্ষম হবেনা। |